মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
এনএসসি টাওয়ার (১২তলা)
৬২/৩ পুরানা পল্টন
ঢাকা-১০০০।

এমআরএ/সার্কুলার লেটার নং- রেগু-১৪

তারিখ ঃ ২৪ বৈশাখ ১৪১৯ বাংলা
০৭ মে ২০১২ ইংরেজী

প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**ঋণ শ্রেণীবদ্ধকরণ ও ঋণক্ষতি সঞ্চিতি/সংস্থান (provision) সংরক্ষণ প্রসঙ্গে।**

শির্ষোক্ত বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি বিধিমালা, ২০১০ এর ৪৪ বিধিতে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহকে তাদের বিতরণকৃত ঋণের যে কোন অংশ বা কিস্তি খেলাপী হয়ে পড়লে তা শ্রেণীবদ্ধকরত: নির্ধারিত হারে ঋণক্ষতি সঞ্চিতি/সংস্থান (provision) সংরক্ষণের নির্দেশনা রয়েছে। উল্লেখ্য ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহকে প্রতি বৎসর ৩০শে জুন ও ৩১শে ডিসেম্বর তারিখের ঋণস্থিতির ভিত্তিতে ঋণ শ্রেণীবদ্ধকরণ ও ঋণক্ষতি সঞ্চিতি সংরক্ষণ করতে হবে। সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানকে খেলাপী ঋণের মেয়াদকাল হিসাবায়ন ও ঋণক্ষতি সঞ্চিতি/সংস্থান নিরূপণের জন্য অভিন্ন নীতিমালা অনুসরণের আবশ্যকতা রয়েছে।

ঋণ শ্রেণীবদ্ধকরণ ও ঋণক্ষতি সঞ্চিতি/সংস্থান নিরূপণ ও সংরক্ষণের জন্য সংশ্লিষ্ট সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানকে নিম্নে বর্ণিত অভিন্ন নীতিমালা অনুসরণ করার পরামর্শ দেয়া হলো:-

## ১. ঋণ শ্রেণীবদ্ধকরণ:

ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহ তাদের গ্রাহকদের ঋণস্থিতিকে নিম্নোক্তভাবে শ্রেণীবদ্ধ করবে-

(ক) খেলাপী হয়নি এমন ঋণের ঋণস্থিতিকে **'নিয়মিত'** হিসাবে শ্রেণীবদ্ধ করতে হবে।

(খ) একজন গ্রাহকের কোন একটি ঋণের ক্ষেত্রে খেলাপী ঋণের মেয়াদকাল ১ থেকে ৩০ দিনের সমান বা মধ্যবর্তী হলে উক্ত ঋণের সম্পূর্ণ ঋণস্থিতি **'পর্যবেক্ষণযোগ্য'** হিসাবে শ্রেণীবদ্ধ করতে হবে।

(গ) একজন গ্রাহকের কোন একটি ঋণের ক্ষেত্রে খেলাপী ঋণের মেয়াদকাল ৩১ থেকে ১৮০ দিনের সমান বা মধ্যবর্তী হলে উক্ত ঋণের সম্পূর্ণ ঋণস্থিতি **'নিম্নমান'** হিসাবে শ্রেণীবদ্ধ করতে হবে।

(ঘ) একজন গ্রাহকের কোন একটি ঋণের ক্ষেত্রে খেলাপী ঋণের মেয়াদকাল ১৮১ থেকে ৩৬৫ দিনের সমান বা মধ্যবর্তী হলে উক্ত ঋণের সম্পূর্ণ ঋণস্থিতি **'সন্দেহজনক'** হিসাবে শ্রেণীবদ্ধ করতে হবে। উল্লেখ্য, ঋণের মেয়াদ এক বছরের অধিক হলে ঋণ মেয়াদোত্তীর্ণ হওয়ার পূর্ব পর্যন্ত খেলাপী ঋণের মেয়াদকাল ৩৬৫ দিনের বেশী হয়ে গেলেও ঋণস্থিতি 'সন্দেহজনক' হিসাবে শ্রেণীবদ্ধ করতে হবে।

(ঙ) একজন গ্রাহকের কোন ঋণ মেয়াদোত্তীর্ণ হয়ে গেলে এবং একই সাথে খেলাপী ঋণের মেয়াদকাল ৩৬৫ দিনের বেশী হয়ে গেলে উক্ত খেলাপী ঋণ **'মন্দ ঋণ'** হিসাবে শ্রেণীবদ্ধ করতে হবে।

## ২. ঋণক্ষতি সঞ্চিতিকরণ (Loan Loss Provision):

শ্রেণীবদ্ধকৃত ঋণস্থিতির (আসল) উপর নিম্নবর্ণিত হারে সঞ্চিতি সংরক্ষণ করতে হবে-

| ক্র.ন. | ঋণস্থিতি শ্রেণীবদ্ধকরণ | আসলের উপর সঞ্চিতির হার |
|---|---|---|
| ১ | নিয়মিত | ১% |
| ২ | পর্যবেক্ষণযোগ্য | ৫% |
| ৩ | নিম্নমান | ২৫% |
| ৪ | সন্দেহজনক | ৭৫% |
| ৫ | মন্দ ঋণ | ১০০% |

## ৩. ঋণের প্রকারভেদ-

ঋণক্ষতি সঞ্চিতি নিরূপণের উদ্দ্যেশ্যে ঋণসমূহকে নিম্নোক্ত ০২ টি ভাগে ভাগ করতে হবে-

**৩.১ সমবিরতি ও সমকিস্তিতে পরিশোধযোগ্য ক্ষুদ্রঋণ-** একটি নির্দিষ্ট মেয়াদের মধ্যে একটি নির্দিষ্ট তফসিল অনুযায়ী সমবিরতি ও সমপরিমাণের একাধিক কিস্তিতে পরিশোধযোগ্য ঋণ "সমবিরতি ও সমকিস্তিতে পরিশোধযোগ্য ক্ষুদ্রঋণ" হিসাবে বিবেচিত হবে। যেমন- সাপ্তাহিক, পাক্ষিক বা মাসিক কিস্তিতে পরিশোধযোগ্য ক্ষুদ্রঋণ।

**৩.২ একক কিস্তিতে পরিশোধযোগ্য ক্ষুদ্রঋণ-** একটি নির্দিষ্ট মেয়াদে একটিমাত্র কিস্তিতে পরিশোধযোগ্য ঋণসমূহ "একক কিস্তিতে পরিশোধযোগ্য ক্ষুদ্রঋণ" হিসাবে বিবেচিত হবে। যেমন- এক কিস্তিতে পরিশোধযোগ্য মৌসুমী ও কৃষি ঋণ।

## ৪. সংজ্ঞা:

### ৪.১ খেলাপী ঋণ (Overdue):

একটি নির্দিষ্ট সময়ে একজন গ্রাহকের কোন নির্দিষ্ট একটি ঋণের ক্ষেত্রে আদায়যোগ্য অর্থ অপরিশোধিত থাকলে বা আংশিক পরিশোধিত হলে অপরিশোধিত অর্থকে খেলাপী ঋণ হিসাবে গণ্য করতে হবে। উদাহরণ স্বরূপ- একটি নির্দিষ্ট সময়ে একজন গ্রাহকের নিকট হতে আদায়যোগ্য ১০০ টাকা ও বর্ণিত আদায়যোগ্যের আওতায় মোট আদায় ৫০ টাকা হলে তার নিকট খেলাপী ঋণের পরিমাণ হবে ৫০ টাকা।

### ৪.২ মেয়াদোত্তীর্ণ ঋণ:

মেয়াদোত্তীর্ণ ঋণ বলতে ঋণের সম্পূর্ণ মেয়াদ শেষ হয়ে গেছে এমন ঋণকে বোঝাবে। উদাহরণ স্বরূপ- এক বছর মেয়াদী কোন ঋণ যদি ০১/০১/২০১২ তারিখে বিতরণ করা হয় তবে ০১/০১/২০১৩ তারিখে তা মেয়াদোত্তীর্ণ হবে।

**৪.৩ খেলাপী ঋণের মেয়াদকাল:**

ঋণ শ্রেণীকরণের ক্ষেত্রে খেলাপী ঋণের মেয়াদকাল বলতে কোন ঋণ অথবা ঋণের কিস্তি খেলাপী হওয়ার পর থেকে ঋণ শ্রেণীকরণ করার দিন পর্যন্ত সময়কালকে বোঝাবে। খেলাপী ঋণের মেয়াদকাল নির্ণয়ের ক্ষেত্রে, হিসাবের সুবিধার্থে, খেলাপী ঋণ থাকাবস্থায় কোন অর্থ আদায় হলে প্রথমেই পূর্বের খেলাপী ঋণ সমন্বয় হবে মর্মে ধরে নিয়ে ঋণের প্রকারভেদ অনুযায়ী নিম্নোক্তভাবে খেলাপী ঋণের সময় নির্ণয়, ঋণ শ্রেণীবদ্ধকরণ ও ঋণক্ষতি সঞ্চিতি/সংস্থান সংরক্ষণ করতে হবে।

## ৫. খেলাপী ঋণের মেয়াদকাল নির্ণয়, ঋণ শ্রেণীবদ্ধকরণ ও ঋণক্ষতি সঞ্চিতিকরণের পদ্ধতি-

### ৫.১ সমবিরতি ও সমকিস্তিতে পরিশোধযোগ্য ঋণের ক্ষেত্রে-

**৫.১.১** মেয়াদোত্তীর্ণ হয়নি এমন ঋণের ক্ষেত্রে খেলাপী ঋণের মেয়াদকাল বলতে মোট খেলাপী ঋণের পরিমাণের সমতুল্য সময় বোঝাবে। অর্থাৎ,

মোট খেলাপী ঋণের পরিমাণের সমতুল্য সময় = (মোট খেলাপী ঋণ / একক কিস্তির টাকার অংক) × দুই কিস্তির মধ্যে সময়ের ব্যবধান।

**উদাহরণ-৫.১.১ (মেয়াদোত্তীর্ণ হয়নি এমন ঋণের ক্ষেত্রে) :**

জুন ২০১২ শেষে একটি সমিতির ৫ জন ঋণগ্রহীতার জন্য খেলাপী ঋণের মেয়াদকাল নির্ণয়, ঋণ শ্রেণীবদ্ধকরণ পদ্ধতি নিম্নে দেয়া হলো-

| নাম | ঋণ বিতরণের তারিখ | মোট ঋণস্থিতি (সাঃ চার্জ সহ) | মোট খেলাপী ঋণ (সাঃ চার্জ সহ) | একক কিস্তির টাকার অংক (সাঃ চার্জ সহ) | খেলাপী কিস্তির সংখ্যা* | দুই কিস্তির ব্যবধান (দিন) | খেলাপী ঋণের সমতুল্য সময় (দিন) | মেয়াদোত্তীর্ণ হওয়ার পর অতিবাহিত দিন | খেলাপী ঋণের মেয়াদকাল | শ্রেণী |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | (1) | (2) | (3) | (4) | (5)=(3)/(4) | (6) | (7)=(5)X(6) | (8) | (9)=(7)+(8) | (10) |
| ক | ২৪/০৯/১১ | ৩০০ | ১০০ | ২৫ | ৪ | ৭ | ২৮ | - | ২৮ | পর্যবেক্ষণযোগ্য |
| খ | ২৪/১০/১১ | ৪,০০০ | ২,৭০০ | ১০০ | ২৭ | ৭ | ১৮৯ | - | ১৮৯ | সন্দেহজনক |
| গ | ০৩/০৩/১২ | ৩,০০০ | ০ | ১০০ | ০ | ৭ | ০ | - | ০ | নিয়মিত |
| ঘ | ০৮/০৬/১১ | ২,০০০ | ১,৭৫০ | ২৫০ | ৭ | ৭ | ৪৯ | - | ৪৯ | নিম্নমান |
| ঙ | ০৩/১১/১১ | ৩,০০০ | ১,৭৫০ | ২৫০ | ৭ | ৩০ | ২১০ | - | ২১০ | সন্দেহজনক |

**ভগ্নাংশের ক্ষেত্রে পরবর্তী পূর্ণ সংখ্যা ধরে নিতে হবে।*

**৫.১.২** মেয়াদোত্তীর্ণ ঋণের ক্ষেত্রে খেলাপী ঋণের মেয়াদকাল বলতে মোট খেলাপী ঋণের পরিমাণের সমতুল্য সময় ও মেয়াদোত্তীর্ণ হওয়ার পর অতিবাহিত সময়ের যোগফলকে বোঝাবে।

**উদাহরণ-৫.১.২ (মেয়াদোত্তীর্ণ ঋণের ক্ষেত্রে) :** *(জুন ২০১২ শেষে)*

| নাম | ঋণ বিতরণের তারিখ | মোট ঋণস্থিতি (সাঃ চার্জ সহ) | মোট খেলাপী ঋণ (সাঃ চার্জ সহ) | একক কিস্তির টাকার অংক (সাঃ চার্জ সহ) | খেলাপী কিস্তির সংখ্যা | দুই কিস্তির ব্যবধান (দিন) | খেলাপী ঋণের সমতুল্য সময় (দিন) | মেয়াদোত্তীর্ণ হওয়ার পর অতিবাহিত দিন* | খেলাপী ঋণের মেয়াদ কাল | শ্রেণী |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | (1) | (2) | (3) | (4) | (5)=(3)/(4) | (6) | (7)=(5)X(6)) | (8) | (9)=(7)+(8) | (10) |
| ক | ২৫/০২/১১ | ১,৫০০ | ১,৫০০ | ৭৫ | ২০ | ৭ | ১৪০ | ১২৫ | ২৬৫ | সন্দেহজনক |
| খ | ২৫/০২/১১ | ১,৫০০ | ১,৫০০ | ৭৫০ | ২ | ৭ | ১৪ | ১২৫ | ১৩৯ | নিম্নমান |
| গ | ২১/০৬/১১ | ১,৫০০ | ১,৫০০ | ৭৫০ | ২ | ৭ | ১৪ | ৯ | ২৩ | পর্যবেক্ষণযোগ্য |
| ঘ | ১১/০৭/১০ | ১,৫০০ | ১,৫০০ | ৭৫০ | ২ | ৭ | ১৪ | ৩৫৪ | ৩৬৮ | মন্দ ঋণ |
| ঙ | ০১/০৬/১১ | ১,৫০০ | ১,৫০০ | ৭৫ | ২০ | ৭ | ১৪০ | ২৯ | ১৬৯ | নিম্নমান |

**মেয়াদোত্তীর্ণ ঋণের ক্ষেত্রে ঋণের মেয়াদ শেষ হওয়ার তারিখ হতে ঋণক্ষতি সঞ্চিতিকরণের তারিখের ব্যবধান।*

**ঋণক্ষতি সঞ্চিতির হিসাব ঃ**

উপরোক্ত ছক দু'টির ১০ নং কলাম অনুযায়ী প্রতিটি শ্রেণীর আওতায় ঋণস্থিতি যোগ করার পর আসলের পরিমাণ আলাদা করে আসলের উপর নিম্নোক্ত হারে সঞ্চিতি করতে হবে-

| ঋণ শ্রেণী | ঋণস্থিতি (আসল)* | আসলের উপর সঞ্চিতির হার | প্রয়োজনীয় সঞ্চিতি |
|---|---|---|---|
| নিয়মিত | ২,৬৬৭ | ১% | ২৭ |
| পর্যবেক্ষণযোগ্য | ১,৬০০ | ৫% | ৮০ |
| নিম্নমান | ৪,৪৪৪ | ২৫% | ১,১১১ |
| সন্দেহজনক | ৭,৫৫৬ | ৭৫% | ৫,৬৬৭ |
| মন্দ ঋণ | ১,৩৩৩ | ১০০% | ১,৩৩৩ |
| মোট | ১৭,৬০০ | - | ৮,২১৮ |

**হিসাবের সুবিধার্থে শ্রেণীবদ্ধকরণের সময় সার্ভিস চার্জসহ ঋণস্থিতির পরিমাণ ব্যবহার করতে হবে। তবে সঞ্চিতি নির্ণয়ের সময় ঋণস্থিতির আসলের পরিমাণ ব্যবহার করতে হবে। উপরোক্ত উদাহরণে আসল নির্ণয়ের নিম্নোক্ত পদ্ধতি ব্যবহার করা হয়েছে-*

ঋণস্থিতি (আসল) = {ঋণস্থিতি (সাঃ চার্জসহ) / ফ্যাক্টর}

যেখানে, ফ্যাক্টর = (সাঃ চার্জসহ মোট পরিশোধযোগ্য অর্থ/বিতরণকৃত ঋণ)

উদাহরণে বিতরণকৃত ঋণ ১,০০০ টাকা ও তার বিপরীতে এক বছরে সাঃ চার্জসহ মোট পরিশোধযোগ্য অর্থ ১,১২৫ ধরে ১.১২৫ কে ফ্যাক্টর হিসাবে ব্যবহার করা হয়েছে।

**৫.১.৩** ঋণের মেয়াদ **০১ (এক) বছরের অধিক হলে-** খেলাপী ঋণের মেয়াদকাল ৩৬৫ দিনের বেশী হলেও সংশ্লিষ্ট ঋণ মেয়াদোত্তীর্ণ না হওয়া পর্যন্ত **'সন্দেহজনক'** হিসাবে গণ্য হবে।

**উদাহরণ-৫.১.৩. (ঋণের মেয়াদ ০১ বছরের অধিক এরূপ ঋণের ক্ষেত্রে)* ঃ**

জুন ২০১২ শেষে একটি সমিতির ৪ জন ঋণগ্রহীতার জন্য এক বছরের অধিক মেয়াদী ঋণের ক্ষেত্রে ঋণ শ্রেণীবদ্ধকরণ পদ্ধতি নিম্নে দেয়া হলো-

| নাম | ঋণ বিতরণের তারিখ | মোট ঋণস্থিতি (সাঃ চার্জ সহ) | মোট খেলাপী ঋণ (সাঃ চার্জ সহ) | একক কিস্তির টাকার অংক (সাঃ চার্জ সহ) | খেলাপী কিস্তির সংখ্যা | দুই কিস্তির ব্যবধান (দিন) | খেলাপী ঋণের সমতুল্য সময় (দিন) | মেয়াদোত্তীর্ণ হওয়ার পর অতিবাহিত দিন | খেলাপী ঋণের মেয়াদকাল (দিন) | শ্রেণী |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | (1) | (2) | (3) | (4) | (5)=(3)/(4) | (6) | (7)=(5)X(6) | (8) | (9)=(7)+(8) | (10) |
| ক | ৩০/১১/১০ | ৫,২৫০ | ৪,০০০ | ২৫০ | ১৬ | ৩০ | ৪৮০ | - | ৪৮০ | সন্দেহজনক |
| খ | ২১/০৭/১০ | ৫,৬০০ | ৫,৪০০ | ২০০ | ২৭ | ১৪ | ৩৭৮ | - | ৩৭৮ | সন্দেহজনক |
| গ | ২৩/০৬/১০ | ৫,৪০০ | ৫,৪০০ | ২০০ | ২৭ | ১৪ | ৩৮৫ | ৭ | ৩৯২ | মন্দ ঋণ |
| ঘ | ১৪/০৮/০৯ | ১,৭৫০ | ১,৭৫০ | ২৫০ | ৭ | ৭ | ৪৯ | ৩২০ | ৩৬৯ | মন্দ ঋণ |

**উদাহরণের প্রতিটি ঋণ দুই বছর মেয়াদী।*

**৫.২ একক কিস্তিতে পরিশোধযোগ্য ঋণের ক্ষেত্রে-**

একক কিস্তির ঋণের ক্ষেত্রে খেলাপী ঋণের মেয়াদকাল বলতে ঋণ মেয়াদোত্তীর্ণ হওয়ার পর অতিবাহিত সময়কে বোঝাবে।

**উদাহরণ-৫.২ (একক কিস্তিতে পরিশোধযোগ্য ঋণের ক্ষেত্রে):**

জুন ২০১২ শেষে একটি সমিতির ৫ জন ঋণগ্রহীতার জন্য একক কিস্তির ঋণের ক্ষেত্রে ঋণ শ্রেণীবদ্ধকরণ পদ্ধতি নিম্নে দেয়া হলো-

| নাম | ঋণ বিতরণের তারিখ | বিতরণকৃত ঋণ (আসল) | ঋণস্থিতি/খেলাপী ঋণ (আসল)* | ঋণের মেয়াদ | মেয়াদোত্তীর্ণ হওয়ার পর অতিবাহিত দিন | শ্রেণী |
|---|---|---|---|---|---|---|
| ক | ০১/০৩/২০১২ | ১৫,০০০ | ১৫,০০০ | ৬ মাস | - | নিয়মিত |
| খ | ২০/১২/২০১১ | ১৫,০০০ | ১০,০০০ | ৬ মাস | ১০ | পর্যবেক্ষণযোগ্য |
| গ | ৩০/১১/২০১১ | ১৫,০০০ | ১৫,০০০ | ৫ মাস | ৬০ | নিম্নমান |
| ঘ | ২৫/০৬/২০১১ | ১৫,০০০ | ৮,০০০ | ৬ মাস | ১৮৫ | সন্দেহজনক |
| ঙ | ২৫/১১/২০১০ | ১৫,০০০ | ১৫,০০০ | ৭ মাস | ৩৭০ | মন্দ ঋণ |

**একক কিস্তির ঋণের মেয়াদের বিভিন্নতার কারণে শ্রেণীবদ্ধকরণের সময়ই আসল আলাদা করতে হবে।*

কাজের সুবিধার্থে নিম্নে উল্লিখিত ছকসমূহ এতদসাথ প্রেরণ করা হলো:-

| ক্র. নং | নাম |
|---|---|
| ছক-১ | সমিতির টপশীট (সমবিরতি ও সমমানের কিস্তিতে পরিশোধযোগ্য ঋণের ক্ষেত্রে) |
| ছক-২ | সমিতির টপশীট (একক কিস্তিতে পরিশোধযোগ্য ঋণের ক্ষেত্রে) |
| ছক-৩ | কর্মীর টপশীট |
| ছক-৪ | কর্মীভিত্তিক শাখার টপশীট (একটি নির্দিষ্ট খাতের জন্য) |
| ছক-৫ | শাখার খাতভিত্তিক টপশীট |

আপনাদের বিশ্বস্ত,

(আবু ফরাহ মোঃ নাছের)
পরিচালক
ফোন ঃ ৯৫৬৬৫১২

অনুলিপি নং- এমআরএ/রেগুলেশন-৯(৪)/২০১১-২০১২-৪১৮১(৬৩১) তারিখঃ ঐ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা।
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৩. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৪. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, ঢাকা।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ ইয়াকুব হোসেন)
উপ-পরিচালক
ফোন: ৯৫৬৬৫১৪

# ঋণ শ্রেণীবদ্ধকরণ (সমবিরতি ও সমমানের কিস্তিতে পরিশোধযোগ্য ঋণের জন্য)

ছক-১

<u>সমিতির টপশীট-</u>

সমিতির নামঃ খাতের নামঃ তারিখঃ

| ক্র. ন. | ঋণগ্রহীতার নাম | ঋণ বিতরণের তারিখ | মোট ঋণস্থিতি (সাঃ চার্জসহ) | মোট খেলাপী ঋণ (সাঃ চার্জসহ) | একক কিস্তির টাকার অংক (সাঃচার্জ সহ) | খেলাপী কিস্তির সংখ্যা | দুই কিস্তির ব্যবধান (দিন) | খেলাপী ঋণের সমতুল্য সময় (দিন) | মেয়াদোত্তীর্ণ হওয়ার পর অতিবাহিত দিন | খেলাপী ঋণের মেয়াদকাল (দিন) | শ্রেণী |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | *(1)* | *(2)* | *(3)* | *(4)* | *(5)=(3)/(4)* | *(6)* | *(7)=(5)X(6)* | *(8)* | *(9)=(7)+(8)* | *(10)* |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | সর্বমোট | | | | | | | | | | |

# ঋণ শ্রেণীবদ্ধকরণ (একক কিস্তিতে পরিশোধযোগ্য ঋণের জন্য) ছক-২

**সমিতির টপশীট**

**সমিতির নাম:** **খাতের নাম:** **তারিখ:**

| ক্র. ন. | ঋণগ্রহীতার নাম | ঋণ বিতরণের তারিখ | মোট ঋণস্থিতি (আসল) | ঋণের মেয়াদ | মেয়াদোত্তীর্ণ হওয়ার পর অতিবাহিত দিন | শ্রেণী |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | **মোট** | | | | | |

# ঋণ শ্রেণীবদ্ধকরণ

ছক-৩

<u>**কর্মীর টপশীট-**</u>

**কর্মীর নামঃ** **খাতের নামঃ** **তারিখঃ**

| ক্র. ন. | সমিতির নাম | নিয়মিত | পর্যবেক্ষণযোগ্য | | নিম্নমান | | সন্দেহজনক | | মন্দ | মোট | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ঋণস্থিতি | খেলাপী ঋণ | ঋণস্থিতি | খেলাপী ঋণ | ঋণস্থিতি | খেলাপী ঋণ | ঋণস্থিতি | খেলাপী ঋণ /ঋণস্থিতি | খেলাপী ঋণ | ঋণস্থিতি |
| | | (1) | (2) | (3) | (4) | (5) | (6) | (7) | (8) | (9)=(2)+(4)+(6)+(8) | (10)=(1)+(3)+(5)+(7)+(8) |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | সর্বমোট | | | | | | | | | | |

# ঋণ শ্রেণীবদ্ধকরণ

ছক-৪

<u>কর্মীভিত্তিক শাখার টপশীট-</u>

**শাখার নামঃ** **খাতের নামঃ** **তারিখঃ**

| ক্র. ন. | কর্মীর নাম | নিয়মিত | পর্যবেক্ষণযোগ্য | | নিম্নমান | | সন্দেহজনক | | মন্দ | মোট | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ঋণস্থিতি | খেলাপী ঋণ | ঋণস্থিতি | খেলাপী ঋণ | ঋণস্থিতি | খেলাপী ঋণ | ঋণস্থিতি | খেলাপী ঋণ/ঋণস্থিতি | খেলাপী ঋণ | ঋণস্থিতি |
| | | (1) | (2) | (3) | (4) | (5) | (6) | (7) | (8) | (9)=(2)+(4)+(6)+(8) | (10)=(1)+(3)+(5)+(7)+(8) |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | মোট | | | | | | | | | | |

# ঋণ শ্রেণীবদ্ধকরণ

ছক-৫

**শাখার টপশীট**

**শাখার নাম:** 

**তারিখ:**

| ক্র. ন. | খাতের নাম | নিয়মিত | পর্যবেক্ষণযোগ্য | | নিম্নমান | | সন্দেহজনক | | মন্দ | মোট | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ঋণস্থিতি | খেলাপী ঋণ | ঋণস্থিতি | খেলাপী ঋণ | ঋণস্থিতি | খেলাপী ঋণ | ঋণস্থিতি | খেলাপী ঋণ /ঋণস্থিতি | খেলাপী ঋণ | ঋণস্থিতি |
| | | (1) | (2) | (3) | (4) | (5) | (6) | (7) | (8) | (9)=(2)+(4)+(6)+(8) | (10)=(1)+(3)+(5)+(7)+(8) |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | মোট | | | | | | | | | | |